BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/২৭২

তারিখঃ ২০ নভেম্বর, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ আমদানিকৃত পণ্য জরুরী ভিত্তিতে খালাস নেয়া প্রসঙ্গে।**

সূত্রঃ

ক) বিমান বাংলাদেশ এয়ারলাইনস লিঃ এর স্বারক নং-৩০.৩৪.০০০০.০৬৭.০০৪.০০৩.০৫.২০২৫/০০৫ তারিখঃ ১৯/১১/২০২৫ইং

খ) বিজিএমইএ'র সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/২৩২, তারিখঃ ০১/১১/২০২৫ইং

গ) বিজিএমইএ'র সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/২৩৭, তারিখঃ ০৩/১১/২০২৫ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের কার্গো ভিলেজ থেকে ২৪/৭ ভিত্তিতে আমদানিকৃত পণ্য চালান খালাস প্রদান করার সকল ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। যা সূত্রোক্ত 'গ' সার্কুলারের মাধ্যমে আপনাদেরকে অবগত করা হয়েছে। সূত্রোক্ত সার্কুলার 'খ' ও 'গ' এর মাধ্যমে আপনাদের আমদানিকৃত পণ্য ২৪/৭ সুবিধা ব্যবহার করে দ্রুত খালাস নেয়ার জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু বিমান বাংলাদেশ এয়ারলাইনস লিঃ কর্তৃক প্রেরিত সূত্রোক্ত 'ক' (কপি সংযুক্ত) স্বারকের মাধ্যমে জানানো হয় যে, আমদানিকৃত পণ্য খালাস আশানুরুপ নয়। বিশেষ করে রাত ১২ টার পর বিমান ও কাস্টমস কর্মকর্তারা উপস্থিত থাকলেও কোন পণ্য খালাস হয় না। এতে খালাসকৃত পণ্যের তুলনায় আগত পণ্যের আধিক্য হেতু পণ্য জট লেগেই থাকে এবং অখালাসকৃত পণ্যের পরিমাণ দিন দিন বৃদ্ধি পাচ্ছে, যা বিমান বন্দরের সার্বিক কার্যক্রম, নিরাপত্তা ও সুরক্ষার জন্য হুমকিস্বরুপ।

তাই, বর্ণিত অবস্থাধীনে বিশেষ করে রাতের শিফটে পণ্য চালান জরুরী ভিত্তিতে খালাসের ব্যবস্থা করার নিমিত্তে মনোনিত সিএন্ডএফ এজেন্টকে নির্দেশনা প্রদান করার জন্য আপনাদেরকে পুনরায় বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

২০/১১/২৫

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)**
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে।

বিমান বাংলাদেশ এয়ারলাইনস লিঃ Biman BANGLADESH AIRLINES LTD.
H. S. INTERNATIONAL AIRPORT, KURMITOLA, DHAKA-1229, BANGLADESH, PHONES: 8901500-19, 8901640-54, www.biman-airlines.com

স্মারক নংঃ- ৩০.৩৪.০০০০.০৬৭.০০৪.০০৩.০৫.২০২৫/৬৬৫ তারিখঃ ১৯/১১/২০২৫ খ্রিঃ

বিষয়ঃ আমদানিকৃত পন্য জরুরী ভিত্তিতে খালাস প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পণ্য খালাস প্রক্রিয়া যথাযথভাবে ও নির্বিঘ্নে সম্পন্নের লক্ষ্যে সম্প্রতি গেইট-'৮এ' চালু হয়েছে এবং ২৪/৭ ভিত্তিতে পণ্য খালাস কার্যক্রম চলমান আছে। বর্তমান পরিস্থিতিতে প্রতীয়মান হয় যে, দিনের তুলনায় রাতে খালাস কার্যক্রম অনেকাংশেই মন্থর এবং রাত ১২ টার পরে বিমান এবং কাস্টমস কর্মকর্তা উপস্থিত থাকলেও কোন পণ্য খালাস হয় না। এতে খালাসকৃত পণ্যের তুলনায় আগত পণ্যের আধিক্য হেতু পণ্য জট লেগেই থাকে এবং অখালাসকৃত পণ্যের পরিমাণ দিন দিন বৃদ্ধি পাচ্ছে, যা হশাআবি'র সার্বিক কার্যক্রম, নিরাপত্তা ও সুরক্ষার জন্য হুমকিস্বরূপ।

বর্ণীত অবস্থাধীনে বিশেষ করে রাতের শিফটে পণ্য চালান জরুরী ভিত্তিতে খালাসের ব্যবস্থা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

মোঃ জাহিদুজ্জামান
উপ-মহাব্যবস্থাপক কার্গো আমদানি (ভারপ্রাপ্ত)
বিমান বাংলাদেশ এয়ারলাইন্স

সভাপতি,
বিজিএমইএ কমপ্লেক্স
বাড়ি # ৭/৭এ, সেক্টর # ১৭,
ব্লক # এইচ-১, উত্তরা, ঢাকা - ১২৩০, বাংলাদেশ।
টেলিফোন: +৮৮০ ৯৬৩৮০১২৩৪৫
ইমেল: info@bgmea.com.bd

**অনুলিপি: (সদয় অবগতির জন্য)**

০১। চেয়ারম্যান সিএএবি, সদর দপ্তর ঢাকা।
০২। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও বিমান, ঢাকা।
০৩। কমিশনার কাস্টমস হাউস ঢাকা।
০৪। নির্বাহী পরিচালক, হশাআবি, ঢাকা।
০৫। পরিচালক কার্গো, বিমান।